

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ-৫ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.২৬.০০১.১৮.২৩০

তারিখ: ১১ আশ্বিন ১৪২৫

২৬ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: শ্রীনগর সরকারি কলেজ, মুন্সিগঞ্জ- এ বিভিন্ন উন্নয়ন কার্যক্রমে কলেজের উন্নয়ন তহবিল হতে ব্যয় নির্বাহের অনুমতি প্রদান।

সূত্র: ৩৭.০০.০০০০.০৬৯.২৬.০০১.১৮.১৭২ ০৯ আগস্ট ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর সরকারি কলেজ এ ৪,৪৬,৪৫০.২৯/- (চার লক্ষ ছেচল্লিশ হাজার চারশত পঞ্চাশ টাকা উনত্রিশ পয়সা) টাকা প্রাক্কলিত ব্যয়ে কলেজের পূর্ব পার্শ্বের নিজস্ব ১০ শতক জমিতে একটি টিনের ঘর তৈরী এবং ৪,৪০,৯৩৯.৮৩/- (চার লক্ষ চল্লিশ হাজার নয়শত উনচল্লিশ টাকা তিরিশি পয়সা) টাকা প্রাক্কলিত ব্যয়ে কলেজ ক্যাম্পাসে ১৫টি বসার জন্য R.C.C পাকা বেঞ্চ তৈরীর নিমিত্ত কলেজের উন্নয়ন তহবিল হতে নিম্নোক্ত শর্তে ব্যয় নির্বাহের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

- এতে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- আর্থিক অনিয়ম সংঘটিত হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন;
- শিক্ষার্থীদের নিকট থেকে এ বাবদ অতিরিক্ত কোন ফি আদায় করা যাবে না;
- শিক্ষা মন্ত্রণালয় হতে ৬ জুলাই ২০১৪ তারিখের শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫ নং পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- PPA, PPR এবং অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রজ্ঞাপন অনুসরণ করতে হবে;
- অনুমোদন প্রাপ্তির ০৬ (ছয়) মাসের মধ্যে কাজ সম্পাদন করে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে কাজ সমাপ্তির প্রতিবেদন দাখিল করতে হবে। অন্যথায় অনুমোদনটি বাতিল বলে গণ্য হবে।

২৬-৯-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম  
উপসচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.২৬.০০১.১৮.২৩০/১(৫)

তারিখ: ১১ আশ্বিন ১৪২৫

২৬ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অধ্যক্ষ, শ্রীনগর সরকারি কলেজ, মুন্সিগঞ্জ।
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৬-৯-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম  
উপসচিব